**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৬/২০১৭**

**ঢাকা, সোমবার ২০ মার্চ ২০১৭, ৬ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তাঁত শিল্পকে আরও আধুনিক করা হবে : প্রধানমন্ত্রী

২। ভবিষ্যতে বেসিক ব্যাংককে আলাদাভাবে নার্সিং করা হবে : অর্থমন্ত্রী

৩। বাণিজ্য ঘাটতি মোকাবিলায় আন্তরিকভাবে কাজ করছে বাংলাদেশ-ভারত : শিল্পমন্ত্রী

৪। দেশে এখন উন্নয়নের বিপ্লব : বাণিজ্যমন্ত্রী

৫। বিশ্বের কোনো দেশে নির্বাচনকালীন সরকার নেই : স্বাস্থ্যমন্ত্রী

৬। দুটি বিভাগে ভাগ করা হলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে

৭। ম্যানহোলে পড়ে নিহত : ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলীসহ ৭ জনের বিরুদ্ধে মামলা

৮। ডাকসু নির্বাচন কেন নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল

৯। ২৪ কোটি টাকার ইয়াবাসহ মিয়ানমারের ছয় নাগরিক আটক

১০। শততম টেস্টে জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **তাঁত শিল্পকে আরও আধুনিক করা হবে : প্রধানমন্ত্রী**

তাঁত শিল্পকে আরও আধুনিক ও বহুমুখীকরণের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এ শিল্পের প্রসারে সম্ভাব্য সব ধরনের পদক্ষেপই তার সরকার নেবে। প্রধানমন্ত্রী বলেন, 'মসলিনের ওপর চার ইঞ্চি জরির কাজ করতে পুরোটা দিন লেগে যায়। এই যে তারা মনোযোগ দিয়ে একটি বস্ত্র তৈরি করছেন এটাও তো একটি অত্যন্ত উন্নতমানের শিল্প। কাজেই এটাকে আরও বেশি সহযোগিতা করার জন্য আমাদের সরকার সব সময় প্রস্তুত এবং আমরা তা করে যাব।' তিনি বলেন, 'এ শিল্প যেন আরও উন্নত হয়, সম্প্রসারিত হয়, সেদিকেই আমরা নজর দিচ্ছি।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১৯** মার্চ রোববার রাজধানীর ফার্মগেটের কৃষিবিদ মিলনায়তনে বাংলাদেশ তাঁতী লীগের জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.**১**), **ইত্তেফাক** (পৃ.**১**,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

২। **ভবিষ্যতে বেসিক ব্যাংককে আলাদাভাবে নার্সিং করা হবে : অর্থমন্ত্রী**

বেসিক ব্যাংককে অন্যান্য রাষ্ট্রীয় ব্যাংক থেকে পৃথক করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এই ব্যাংক এতটাই সমস্যাগ্রস্ত যে মূলধন ঘাটতির বিষয়ে আলোচনায় বেসিক ব্যাংক থাকলে অন্য ব্যাংকের বিষয়ে আলোচনাই করা যায় না। তাই আগামীতে বেসিক ব্যাংককে আলাদাভাবে নার্সিং করা হবে। গতকাল **১৯** মার্চ রোববার অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে রাষ্ট্রায়ত্ত সাতটি ব্যাংকের মূলধন ঘাটতির বিষয়ে করণীয় নির্ধারণে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করেন অর্থমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.**১**), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.**১**), **এশিয়ান এজ** (পৃ.**১**,ক.**১**)।

৩। **বাণিজ্য ঘাটতি মোকাবিলায় আন্তরিকভাবে কাজ করছে বাংলাদেশ-ভারত : শিল্পমন্ত্রী**

ঐতিহাসিক বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ফলে বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ দিন দিন বাড়ছে বলে উল্লেখ করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, ২০১৫ সালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের মধ্য দিয়ে দু'দেশের সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে। এর ফলে দিন দিন বাণিজ্য ও বিনিয়োগের নতুন ক্ষেত্র বের হয়ে আসছে। শিল্পমন্ত্রী গত **১৮** মার্চ শনিবার ভারতের ঐতিহ্যবাহী কির্লোস্কার ব্র্যান্ডের উচ্চ ক্ষমতাসম্পন্ন জ্বালানি সাশ্রয়ী ডিজেল জেনারেটর '৩০০০০ এইচএইচপি জেনসেটস' এর বাজারজাতকরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। রাজধানীর রেডিসন ব্লু হোটেলে এ অনুষ্ঠান আয়োজন করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.**১৪**,ক.**১**), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.**১৩**,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.**১১**,ক.৬)।

৪। **দেশে এখন উন্নয়নের বিপ্লব : বাণিজ্যমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামী সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানিয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, দেশে এখন উন্নয়নের বিপ্লব। মুন্সীগঞ্জেও উন্নয়ন হচ্ছে। ঢাকা থেকে মাত্র এক ঘন্টায় মুন্সীগঞ্জে আসা যায়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণতায় পদ্মা সেতু নিজস্ব অর্থে তৈরি হচ্ছে। আগামী **১৮** সালের মধ্যে পদ্মা সেতুর নির্মাণকাজ শেষ হবে। বাংলাদেশ এখন উন্নয়নের বিস্ময়কর মডেল। গতকাল **১৯** মার্চ রোববার এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.**১**), **সংবাদ** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.**১৭**,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

৫। **বিশ্বের কোনো দেশে নির্বাচনকালীন সরকার নেই : স্বাস্থ্যমন্ত্রী**

বিশ্বের কোনো দেশে নির্বাচনকালীন সরকার বলে কোনো কথা নেই উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ভারত, আমেরিকাসহ বিশ্বের সকল গণতান্ত্রিক রাষ্ট্রেই ক্ষমতাসীন দলের অধীনে জাতীয় নির্বাচন হয়। বাংলাদেশেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধীনেই একাদশ নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি গতকাল রোববার **১৯** মার্চ জেলা কমিউনিটি পুলিশিংয়ের এক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৭)।

৬।    **দুটি বিভাগে ভাগ করা হলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে**

অবশেষে দু'টি বিভাগে ভাগ করা হয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এই মন্ত্রণালয়ের পুনর্গঠন করে 'স্বাস্থ্য সেবা' এবং 'স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ' নামে দুটি বিভাগ করেছে সরকার। 'রুল্‌স অব বিজনেস' অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই আদেশ দিয়েছেন বলে গত ১৬ মার্চ এক প্রজ্ঞাপনে জানায় মন্ত্রিপরিষদ



বিভাগ। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনটি জারি করা হয়েছে। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে । সূত্রঃ **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮)।

৭।    **ম্যানহোলে পড়ে নিহত : ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলীসহ ৭ জনের বিরুদ্ধে মামলা**

রাজধানীর পল্টনে কালভার্ট রোডে ম্যানহোলে পড়ে একজন নিহত হওয়ার ঘটনায় দায়িত্বে অবহেলার দায়ে ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী মো. আতিকুর রহমানসহ ৭ জনের বিরুদ্ধে মামলা দায়েরের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পল্টন থানার দুই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ারও আদেশ দিয়েছেন। একই সঙ্গে নিহতের পরিবারকে ক্ষতিপূরণ দিতে কী পদক্ষেপ নেওয়া হয়েছে তা আদালতকে অবহিত করতেও সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.৩,ক.১)। **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

৮।    **ডাকসু নির্বাচন কেন নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল**

গত ২৬ বছরেরও বেশি সময় ধরে বন্ধ থাকা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন না দেওয়াকে কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে রুল জারি করেছেন উচ্চ আদালত। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.২,ক.৩), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

৯।    **২৪ কোটি টাকার ইয়াবাসহ মিয়ানমারের ছয় নাগরিক আটক**

চট্টগ্রামে র‍্যাবের অভিযানে ছয় লাখ পিস ইয়াবা উদ্ধার হয়েছে। গ্রেফতার হয়েছে ৬ মিয়ানমারের নাগরিকসহ আট ইয়াবা বিক্রেতা। উদ্ধারকৃত ইয়াবার মূল্য আনুমানিক ২৪ কোটি টাকা বলে র‍্যাব সূত্রে জানানো হয়েছে। গত ১৮ মার্চ শনিবার গভীর রাতে পতেঙ্গা থানাধীন চরপাড়া বেড়িবাঁধ সংলগ্ন এলাকায় র‍্যাব সেভেন অভিযান চালিয়ে ইয়াবার এ বিশাল চালান উদ্ধার ও ৮ জনকে গ্রেফতার করে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৪)।

১০।    **শততম টেস্টে জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

শততম টেস্টে স্মরণীয় জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীসহ মন্ত্রিপরিষদের সদস্যরা। গতকাল ১৯ মার্চ রোববার কলম্বো টেস্টে স্বাগতিক শ্রীলঙ্কাকে হারিয়ে ৪ উইকেটে জয় পায় বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** কৃষিজমি কৃষিকাজ ব্যতীত অন্য কাজে ব্যবহার করলে জমির উৎপাদন ক্ষমতা হ্রাস পাবে, এজন্য কৃষিজমি সুরক্ষায় সরকারিভাবে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকেই উদ্যোগী হতে হবে বলে উল্লেখ।

**খ.** **সংবাদ :** দেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র হালদা নদী বিপন্ন হয়ে ওঠার মূল কারণগুলো চিহ্নিত করে সেগুলো আবশ্যিকভাবে দূর করার পদক্ষেপ নিতে হবে বলে উল্লেখ।

গ. **প্রথম আলো :** জঙ্গি দমনে অভিযান, গ্রেপ্তার-বিচার-শাস্তি প্রদান ইত্যাদি অবশ্যই আরো জোরদার করতে হবে কিন্তু শুধু এভাবেই এ গভীর সমস্যার সমাধান হবে না, এ জন্য ব্যাপক ও গভীর সামাজিক প্রতিরোধ গড়ে তোলাও জরুরি বলে অভিমত প্রকাশ।

ঘ. **সমকাল :** বাংলাদেশ শততম টেস্টে বিজয় লাভ করায় জাতীয় ক্রিকেট দলের সদস্য, কোচ ও সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জ্ঞাপন।

ঙ. **যুগান্তর :** বিনিয়োগ আকর্ষণের জন্য ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনা ও উন্নত অবকাঠামো গড়ে তোলার বিকল্প নেই উল্লেখ করে দেশে বিনিয়োগের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা রয়েছে তা অবিলম্বে দূর করতে হবে বলে অভিমত প্রকাশ।



চ. **ডেইলি সান :** দেশে গণতন্ত্রের ভিত মজবুত করতে নতুন নেতৃত্ব গঠন করতে হবে আর সেজন্য ডাকসু নির্বাচন অত্যন্ত প্রয়োজন বলে উল্লেখ।

ছ. **ডেইলি সান :** শূণ্য পদে বিচারকদের নিয়োগে বিলম্ব হলে তা বিচার প্রক্রিয়াকে দীর্ঘায়িত করবে, এতে সমাজ ও অর্থনীতির ওপর বিরূপ প্রভাব পড়বে বলে অভিমত।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাংলাদেশের অধিকাংশ জমিতে জৈব সারের ঘাটতি রয়েছে কারণ সংশ্লিষ্ট লোকজন জানে না জমিতে কি পরিমাণ জৈব সার ব্যবহার করতে হবে, এমতাবস্থায় সচেতনতা বৃদ্ধিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে কার্যকর ভূমিকা পালন করতে হবে বলে অভিমত প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে বলা হয়েছে, বাংলাদেশের জনগণ দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে সংসদীয় গণতন্ত্র অর্জন করেছে, আর তাই জাতীয় সংসদ ধনিক-বণিক ও কোটিপতির ক্লাব না হয়ে সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করলে এবং সাধারণের স্বার্থে সিদ্ধান্ত গ্রহণ করলে চিরন্তন বঞ্চনার অবসান ঘটবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ব্রহ্মপুত্র নদে সেতু ও একটি আঞ্চলিক মহাসড়ক নির্মাণ প্রসঙ্গে'** শিরোনামের নিবন্ধে, আনিছুর রহমান মিয়াজী ব্রহ্মপুত্র নদের ওপর সেতু নির্মাণ করা হলে সড়কপথে উত্তর বাংলার বিশেষ করে রংপুর বিভাগের ৮ জেলার সাথে দেশের পূর্বাঞ্চলীয় জেলাসমূহের যোগাযোগ উন্নয়নের পাশাপাশি কৃষি পণ্য আমদানি রপ্তানিসহ ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন ঘটবে, অন্যদিকে দেশের অনেক সড়ক মহাসড়কের যানবাহনের চাপ অনেকাংশে কমে যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা